নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৯-৭৭

তারিখঃ ০৯ মাঘ ১৪২৫ / ২২ জানুয়ারি ২০১৯

# পরিপত্র-১

**বিষয় : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্য পদে উপনির্বাচন এবং একই সিটি কর্পোরেশনের ৯ ও ২১ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদে নির্বাচন এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহে কাউন্সিলর পদে নির্বাচনের সময়সূচি ও মনোনয়নপত্র আহবানের গণবিজ্ঞপ্তি জারি, মনোনয়নপত্র দাখিল, রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ এবং ভোটার তালিকার সিডি বিক্রয় ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্য পদে উপনির্বাচন এবং একই সিটি কর্পোরেশনের ৯ ও ২১ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদে নির্বাচন এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহের সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য নির্বাচনি সময়সূচি, মনোনয়নপত্র আহবানের গণবিজ্ঞপ্তি জারি, মনোনয়নপত্র দাখিল, মনোনয়নপত্র বাছাই, প্রার্থিতা প্রত্যাহার, রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত বিভিন্ন নির্দেশাবলী নিম্নে উল্লেখ করা হলো:

০২। **নির্বাচনি সময়সূচিঃ** নির্বাচন কমিশন সচিবালয় হতে গত ২২ জানুয়ারি ২০১৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৯-৬৬ (পরিশিষ্ট-ক) এবং একই তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪. ১৯-৬৭ (পরিশিষ্ট-ক-১) এর মাধ্যমে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক যথাক্রমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহের নির্বাচন উপলক্ষে ১৩ থেকে ১৮ নম্বর সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং ৩৭ থেকে ৫৪ নম্বর সাধারণ আসনের কাউন্সিলরের পদের এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহের নির্বাচন উপলক্ষে ২০ থেকে ২৫ নম্বর সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং ৫৮ থেকে ৭৫ নম্বর সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচন ইতঃপূর্বে যে পর্যায় থেকে নির্বাচন স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করা হয়েছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ মাঘ ১৪২৫ / ৩০ জানুয়ারি ২০১৯ | (বুধবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ মাঘ ১৪২৫ / ০২ ফেব্রুয়ারি ২০১৯ | (শনিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৭ মাঘ ১৪২৫ / ০৯ ফেব্রুয়ারি ২০১৯ | (শনিবার) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ১৬ ফাল্গুন ১৪২৫ / ২৮ ফেব্রুয়ারি ২০১৯ | (বৃহস্পতিবার) |

উল্লেখ্য যে, ইতঃপূর্বে দাখিলকৃত প্রার্থীদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন নেই। সেই সাথে ইতঃপূর্বে যারা মনোনয়নপত্র জমা দিয়েছেন তাদের মনোনয়নপত্র পরিবর্তন করে নতুন করে মনোনয়নপত্র জমাদান অথবা কাগজপত্র প্রদানের সুযোগ রয়েছে।

অফিসের ঠিকানাঃ
\\150.1.190.50\Share\00.A2.1978\dcc pari\DCC_ PORIPATRA-1_24.01.2019.doc
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৩। **উপ-নির্বাচনের সময়সূচির বিজ্ঞপ্তি জারিঃ** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০(৩) বিধি অনুসরণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয় হতে ২৩ জানুয়ারি ২০১৮ তারিখে জারীকৃত স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০২৮.১৭-৪১ এর যোগসূত্রে রিট পিটিশন নং ৭০৬/২০১৮ ও ৭০৭/২০১৮ এর আলোকে মাননীয় হাইকোর্টের ১৭ জানুয়ারি ২০১৯ তারিখের আদেশের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্য পদে নির্বাচন অনুষ্ঠানে আইনগত কোন বাধা না থাকায় মাননীয় নির্বাচন কমিশন আগামী **২৮ ফেব্রুয়ারি ২০১৯** তারিখ **বৃহস্পতিবার** ভোটগ্রহণের দিন নির্ধারণ করেছেন এবং একই সাথে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৯ ও ২১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদে নির্বাচন সম্পন্নকরণের লক্ষ্যে ২২ জানুয়ারি ২০১৯ তারিখে জারীকৃত স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪. ৩৭.০০৪.১৯-৬৮ এর মাধ্যমে নির্দেশনা দেয়া হয়েছে (পরিশিষ্ট-খ)। মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত নির্দেশনা অনুসারে সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহের কাউন্সিলর পদে নির্বাচন সংক্রান্ত উপরোল্লিখিত সময়সূচির সাথে সঙ্গতি রেখে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ এর উপ-বিধি (৩) অনুসারে উপনির্বাচনের সময়সূচির বিজ্ঞপ্তি জারি করতে হবে।

০৪। **রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগঃ** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুসারে উল্লিখিত নির্বাচন পরিচালনার জন্য মাননীয় নির্বাচন কমিশন ২২ জানুয়ারি ২০১৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন (পরিশিষ্ট: গ ও গ-১) এর মাধ্যমে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করেছেন। রিটার্নিং অফিসারকে অবিলম্বে সহকারী রিটার্নিং অফিসারদের অধিক্ষেত্র বণ্টন করে নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করতে হবে।

০৫। **প্রকাশ্য স্থানে সময়সূচির বিজ্ঞপ্তি জারিঃ** নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য নির্বাচনের সময়সূচি সম্বলিত বিজ্ঞপ্তির অনুলিপি ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে, যা বিধিমালার বিধি ১০ এর উপ-বিধি (২) অনুসারে রিটার্নিং অফিসারের কার্যালয়, সিনিয়র জেলা নির্বাচন অফিস, ঢাকা, সিটি কর্পোরেশনের কার্যালয়, সংশ্লিষ্ট ওয়ার্ড কার্যালয় এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে জারি করতে হবে।

০৬। **মনোনয়নপত্র আহবানের গণবিজ্ঞপ্তিঃ** নির্বাচনের সময়সূচির বিজ্ঞপ্তি জারির সাথে সাথে বিধিমালার বিধি ১১ অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্য পদে উপ-নির্বাচন এবং একই সিটি কর্পোরেশনের ৯ ও ২১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদে উপ-নির্বাচন এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহের সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহবান জানিয়ে একটি গণবিজ্ঞপ্তি জারি করতে হবে। যে তারিখ এবং সময়ে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে উক্ত গণবিজ্ঞপ্তিতে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কাজের সুবিধার্থে এ সংক্রান্ত একটি গণবিজ্ঞপ্তির নমুনা (নমুনা-১ ও নমুনা-২) এই পরিপত্রের সাথে সংযুক্ত করা হল। উল্লেখ্য, প্রার্থী কর্তৃক মনোনয়নপত্র দাখিলের প্রাক্কালে মনোনয়নপত্রের সাথে বিধি ৪৮ অনুযায়ী নির্বাচনের নিমিত্তে নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য তথ্য প্রাপ্তির সম্ভাব্য উৎস ও ব্যয়ের সম্ভাব্য বিবরণী সংক্রান্ত ফরম (ফরম-‘ঢ’) ও দাখিল করতে হবে।। সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনসহ প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত সময়কালে মনোনয়নপত্র গ্রহণ করতে হবে।

০৭। **রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলঃ** বিধিমালার ১২ বিধি এর (৫) উপ-বিধি অনুসারে মনোনয়নপত্র প্রার্থী নিজে অথবা তার প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে পারবেন। মনোনয়নপত্র দাখিলের পর পরই রিটার্নিং অফিসার দাখিলের দিন ও সময় উল্লেখ করে রসিদ প্রদান করবেন। উক্ত রসিদের নমুনা মনোনয়নপত্রের সাথে সংযোজিত রয়েছে।

০৮। **আপিল দায়ের ও আপিল কর্তৃপক্ষ নিয়োগঃ** উল্লিখিত বিধিমালার বিধি ১৪ এর উপ-বিধি (৪) এর অধীনে রিটার্নিং অফিসার কর্তৃক যে প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বা গ্রহণ করা হয়েছে সেই প্রার্থী বা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা বিধি ১৫ এর উপ-বিধি (১) অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের তারিখের ০৩(তিন) দিনের মধ্যে উক্ত বাতিলাদেশ বা গ্রহণের বিরুদ্ধে নির্বাচন কমিশন কর্তৃক বিধি ১৫ এর উপ-বিধি (৩) অনুযায়ী নিযুক্ত আপিল কর্তৃপক্ষের নিকট আপিল দায়ের করতে পারবেন। ঘোষিত সময়সূচি অনুযায়ী আপিল দায়েরের শেষ তারিখ **০৫ ফেব্রুয়ারি ২০১৯**। এলক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন ২২ জানুয়ারি ২০১৯ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৯-৭১ নং প্রজ্ঞাপনের মাধ্যমে বিভাগীয় কমিশনার-কে আপিল কর্তৃপক্ষ নিয়োগ করেছেন (আপিল কর্তৃপক্ষ নিয়োগের প্রজ্ঞাপন:পরিশিষ্ট- ঘ)।

০৯। **মেয়র পদে নিবন্ধিত রাজনৈতিক দলের ক্ষেত্রে দলীয় মনোনয়নঃ** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) অনুযায়ী রাজনৈতিক দলের মনোনীত মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাঁদের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হতে মনোনয়ন দেয়া হয়েছে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, কোন রাজনৈতিক দল কোন সিটি কর্পোরেশনের মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করতে পারবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে। আরও উল্লেখ্য যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল কোন ব্যক্তিকে মনোনয়ন প্রদানের ক্ষমতা প্রদান করলে উক্ত দলের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৭ (সাত) দিনের মধ্যে **রিটার্নিং অফিসারের নিকট** প্রেরণ করবে এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করবে।

১০। **মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীর প্রার্থিতার সপক্ষে সমর্থনসূচক স্বাক্ষরযুক্ত তালিকা দাখিলঃ** বিধি-১২ অনুযায়ী স্বতন্ত্র মেয়র প্রার্থীর প্রার্থিতার জন্য সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ৩০০ (তিনশত) জন ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা মনোনয়নপত্রের সাথে দাখিল করতে হবে। তবে কোন স্বতন্ত্র মেয়র প্রার্থী ইতঃপূর্বে সিটি কর্পোরেশনের মেয়র পদে নির্বাচিত হয়ে থাকলে তাঁর জন্য ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল করার প্রয়োজন হবে না।

১১। **স্বতন্ত্র মেয়র প্রার্থীর ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা যাচাই পদ্ধতিঃ** স্বতন্ত্র মেয়র প্রার্থীর ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা যাচাই এর জন্য স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ক-এ নিম্নরূপ বিধান রয়েছেঃ

(১) স্বতন্ত্র মেয়র প্রার্থী কর্তৃক বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর বিধান অনুসারে দাখিলকৃত নির্ধারিত সংখ্যক ভোটারের স্বাক্ষর ও তথ্যাদি রিটার্নিং অফিসার বা রিটার্নিং অফিসারের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সরেজমিনে যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন প্রাপ্ত তালিকায় নির্ধারিত সংখ্যা হতে কম সংখ্যক ভোটারের স্বাক্ষর থাকলে অথবা তালিকার কোন একটি ক্রমিকের তথ্যের গরমিল থাকলে সংশ্লিষ্ট মনোনয়নপত্র বাতিল করবেন।

(৩) রিটার্নিং অফিসার বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন প্রাপ্ত তালিকাসহ প্রার্থীর নাম ফ্যাক্স, ই-মেইল কিংবা অন্য কোন মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে কমিশনের মনোনীত কর্মকর্তাকে অবহিত করবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রার্থীর নাম অবগত হওয়ার পর নির্বাচন কমিশনের মনোনীত কর্মকর্তা দৈবচয়নের ভিত্তিতে কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে প্রত্যেক স্বতন্ত্র প্রার্থীর দাখিলকৃত স্বাক্ষর তালিকার ৫ (পাঁচ) টি সংখ্যা

চিহ্নিত করবেন যা ক্রমিক ১ (এক) হতে ৩০০ (তিনশত) এর মধ্যে হতে হবে এবং তা রিটার্নিং অফিসারকে ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন মাধ্যমে অবহিত করবেন।

(৫) বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন স্বাক্ষরযুক্ত তালিকায় মেয়র পদের জন্য ৩০০ (তিনশত) এর অধিক নাম ও স্বাক্ষর অন্তর্ভুক্ত হলে, যে ক্রমিক হতে এই অধিক সংখ্যার শুরু হয়েছে তা দৈবচয়নের অন্তর্ভুক্ত হবে না।

(৬) উপ-বিধি (৪) এর অধীন চিহ্নিত ৫ (পাঁচ) টি সংখ্যার বিপরীতে উল্লিখিত তথ্যাদি রিটার্নিং অফিসার সরেজমিনে তদন্ত করবেন বা করাবেন এবং তদন্ত কর্মকর্তা প্রতিটি সংখ্যার বিপরীতে একটি লিখিত প্রতিবেদন প্রস্তুত করবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন তদন্তের ফলাফলের উপর ক্ষেত্রমত, সংশ্লিষ্ট এলাকার একজন ভোটারের প্রত্যয়ন অথবা যাচাইকৃত ভোটারের স্বাক্ষর কিংবা টিপসহি থাকবে এবং তা সংশ্লিষ্ট এলাকার অপর একজন ভোটার কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত বা টিপসহিকৃত হবে।

(৮) এই বিধির অধীন মনোনয়নপত্র বাতিল করা হলে রিটার্নিং অফিসার তার সিদ্ধান্ত প্রত্যয়ন করবেন এবং বাতিলের কারণ লিপিবদ্ধ করবেন।

উপরোল্লিখিত বিধি ১২ক অনুযায়ী স্বতন্ত্র প্রার্থীর দাখিলকৃত ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২। **ভোটার তালিকার সিডি বিক্রয়ঃ** আগ্রহী প্রার্থীকে মনোনয়নপত্র সংগ্রহের সময় প্রতিটি সাধারণ ওয়ার্ডের জন্য ছবিছাড়া ভোটার তালিকার সিডি ৫০০ (পাঁচশত) টাকা হারে ট্রেজারি চালান বা পে অর্ডারের মাধ্যমে জমা দিয়ে রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ করতে হবে। **ভোটার তালিকার সিডি ক্রয়ের অর্থ চালানে জমা দানের কোড ১-০৬০১-০০০১-২৬৩১। ১০৬-০১০১-১০০১২৫-১৪৪১২৯৯।**

১৩। **মনোনয়নপত্রের সাথে আচরণবিধির কপি প্রদানঃ** সিটি কর্পোরেশন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর কপি এতদ্‌সংগে সংযুক্ত করা হলো (পরিশিষ্ট-ঙ)। মনোনয়নপত্র সংগ্রহের সময় আচরণবিধির কপি সংশ্লিষ্ট মনোনয়নপত্র সংগ্রহকারীকে মনোনয়নপত্রের সাথে প্রদান করতে হবে।

১৪। এ পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করছি।

২২/১/১৯

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

সংলগ্নী: বর্ণনা মোতাবেক

১। যুগ্মসচিব, নির্বাচন ব্যবস্থাপনা-১
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
ও
রিটার্নিং অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
ঢাকা অঞ্চল, ঢাকা
ও
রিটার্নিং অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৯-৭৭

তারিখঃ ০৯ মাঘ ১৪২৫
২২ জানুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, ................................................. (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, ................................................. (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ান (র‍্যাব), ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ও আপিল কর্তৃপক্ষ
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. জেলা প্রশাসক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পুলিশ সুপার, ঢাকা
১৭. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, ঢাকা
১৯. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা, ..................(সংশ্লিষ্ট)
২০. সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঢাকা
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৬. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, .................................. (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, .................................. (সংশ্লিষ্ট)
২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ................................................. (সংশ্লিষ্ট থানা)

**(মোহাম্মদ মোরশেদ আলম)**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন ও ফ্যাক্সঃ ০২-৫৫০০৭৫৫৮

নমুনা-১

## গণবিজ্ঞপ্তি

যেহেতু, মাননীয় নির্বাচন কমিশনের আদেশক্রমে এতদ্দারা স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহের ১৩-১৮নং সংরক্ষিত আসনের কাউন্সিলর ও ৩৭-৫৪নং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন সচিবালয় হতে ২২ জানুয়ারি ২০১৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৯-৬৬ এর মাধ্যমে এবং একই সিটি কর্পোরেশনের মেয়রের শূন্যপদে উপনির্বাচন এবং ৯ ও ২১ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্যপদে নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে ২২ জানুয়ারি ২০১৯ তারিখে জারীকৃত স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৯-৬৮ এর নির্দেশনার প্রেক্ষিতে বিজ্ঞপ্তি জারির মাধ্যমে নিম্নেবর্ণিত সময়সূচি ধার্য করা হইয়াছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ মাঘ ১৪২৫<br>৩০ জানুয়ারি ২০১৯ | (বুধবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ মাঘ ১৪২৫<br>০২ ফেব্রুয়ারি ২০১৯ | (শনিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৭ মাঘ ১৪২৫<br>০৯ ফেব্রুয়ারি ২০১৯ | (শনিবার) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ১৬ ফাল্গুন ১৪২৫<br>২৮ ফেব্রুয়ারি ২০১৯ | (বৃহস্পতিবার) |

০২। এক্ষণে, সেহেতু, আমি ..................... ................................ ও
(নাম) (পদবি)
রিটার্নিং অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্যপদে উপনির্বাচন এবং ৯ ও ২১ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্যপদে নির্বাচন ও সম্প্রসারিত অংশের নবগঠিত ওয়ার্ডসমূহের কাউন্সিলর পদে নির্বাচন উপলক্ষে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী এতদ্দারা বিজ্ঞপ্তি জারি করিতেছি যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্যপদে উপনির্বাচন, ১৩-১৮ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর ও ৩৭-৫৪ নং সাধারণ আসনের কাউন্সিলর এবং ৯ ও ২১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়...........................এ এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়...............................এ আগামী ৩০ জানুয়ারি ২০১৯ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনসহ) সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত গ্রহণ করা হইবে। উল্লেখ্য যে, ইতঃপূর্বে দাখিলকৃত প্রার্থীদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন নাই। সেই সাথে ইতঃপূর্বে যাহারা মনোনয়নপত্র জমা দিয়াছেন তাহাদের মনোনয়নপত্র পরিবর্তন করে নতুন করে মনোনয়নপত্র জমাদান অথবা কাগজপত্র প্রদানের সুযোগ রহিয়াছে।

নমুনা-২

# গণবিজ্ঞপ্তি

যেহেতু, মাননীয় নির্বাচন কমিশন এতদ্দ্বারা স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহের ২০-২৫নং সংরক্ষিত আসনের কাউন্সিলর ও ৫৮-৭৫নং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে ২২ জানুয়ারি ২০১৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৯-৬৭ এর মাধ্যমে নিম্নেবর্ণিত সময়সূচি ধার্য করিয়াছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ মাঘ ১৪২৫<br>৩০ জানুয়ারি ২০১৯ | (বুধবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ মাঘ ১৪২৫<br>০২ ফেব্রুয়ারি ২০১৯ | (শনিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৭ মাঘ ১৪২৫<br>০৯ ফেব্রুয়ারি ২০১৯ | (শনিবার) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ১৬ ফাল্গুন ১৪২৫<br>২৮ ফেব্রুয়ারি ২০১৯ | (বৃহস্পতিবার) |

০২। এক্ষণে, সেহেতু, আমি ..................... ................................ ও
(নাম) (পদবি)
রিটার্নিং অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশের নবগঠিত ওয়ার্ডসমূহের কাউন্সিলর পদে নির্বাচন উপলক্ষে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী এতদ্দ্বারা বিজ্ঞপ্তি জারি করিতেছি যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশের নবগঠিত ওয়ার্ডসমূহের ২০-২৫নং সংরক্ষিত আসনের কাউন্সিলর ও ৫৮-৭৫নং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়.............................এ এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়...............................এ আগামী ৩০ জানুয়ারি ২০১৯ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনসহ) সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত গ্রহণ করা হইবে। উল্লেখ্য যে, ইতঃপূর্বে দাখিলকৃত প্রার্থীদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন নেই। সেই সাথে ইতঃপূর্বে যাহারা মনোনয়নপত্র জমা দিয়াছেন তাহাদের মনোনয়নপত্র পরিবর্তন করে নতুন করে মনোনয়নপত্র জমাদান অথবা কাগজপত্র প্রদানের সুযোগ রহিয়াছে।

তারিখ: ২২ জানুয়ারি ২০১৯ খ্রি:

রিটার্নিং অফিসারের নাম, পদবি ও স্বাক্ষর